

🗏 ইউসুফ | Yusuf | فُوسُف

আয়াতঃ ১২: ৪৬

া আরবি মূল আয়াত:

يُوسُفُ آيُّهَا الصِّدِّيقُ آفتِنَا فِي سَبعِ بَقَرْتٍ سِمَانٍ يَّاكُلُهُنَّ سَبعٌ عِجَافٌ وَ سَبعِ سُنبُلْتٍ خُضرٍ وَّ أُخَرَ يُبِسُتٍ لَّعَلِّي اَرجِعُ اِلَى النَّاسِ لَعَلَّهُم وَ سَبعِ سُنبُلْتٍ خُضرٍ وَّ أُخَرَ يُبِسُتٍ لَّعَلِّي اَرجِعُ اِلَى النَّاسِ لَعَلَّهُم يَعلَمُونَ ﴿٢٤﴾

'হে ইউসুফ, হে সত্যবাদী, আপনি আমাদের ব্যাখ্যা দিন, সাতিটি মোটা তাজা গাভী সম্বন্ধে, যাদের খাচ্ছে সাতিটি ক্ষীণকায় গাভী এবং সাতিটি সবুজ শীষ ও অপর সাতিটি শুষ্ক শীষ সম্পর্কে, যাতে আমি লোকদের কাছে ফিরে যেতে পারি যেন তারা জানতে পারে'। — আল-বায়ান

সে বলল, 'হে সত্যবাদী ইউসুফ! সাতটি হৃষ্টপুষ্ট গাভী, যাদেরকে খাচ্ছে জীর্ণশীর্ণ সাতটি গাভী আর সাতটি সবুজ সতেজ শীষ আর অন্যগুলো শুকনো। (আমাদেরকে এর ব্যাখ্যা জানিয়ে দাও) যাতে আমি তাদের কাছে ফিরে যেতে পারি আর তারা জেনে নিতে পারে।' — তাইসিরুল

সে বললঃ হে ইউসুফ! হে সত্যবাদী! সাতটি স্থুলকায় গাভী, ওগুলিকে সাতটি শীর্ণকায় গাভী ভক্ষণ করছে এবং সাতটি সবুজ শীষ ও অপর সাতটি শুস্ক শীষ সম্বন্ধে আপনি আমাদেরকে ব্যাখ্যা দিন, যাতে আমি লোকদের কাছে ফিরে যেতে পারি এবং যাতে তারা অবগত হতে পারে। — মুজিবুর রহমান

[He said], "Joseph, O man of truth, explain to us about seven fat cows eaten by seven [that were] lean, and seven green spikes [of grain] and others [that were] dry - that I may return to the people; perhaps they will know [about you]." — Sahih International

৪৬. সে বলল, হেইউসুফ! হে সত্যবাদী!(১) সাতটি মোটাতাজা গাভী, সেগুলোকে সাতটি দুর্বল গাভী খেয়ে ফেলছে এবং সাতটি সবুজ শীষ ও অপর সাতটি শুষ্ক শীষ সম্বন্ধে আপনি আমাদেরকে ব্যাখ্যা দিন(২), যাতে আমি লোকদের কাছে ফিরে যেতে পারি ও তারা জানতে পারে।(৩)

(১) মূল ভাষ্যে الصديق শব্দ ব্যবহার করা হয়েছে। এ শব্দটি আরবী ভাষায় সর্বোচ্চ মানের সততা ও সত্যবাদিতার ক্ষেত্রে ব্যবহার করা হয়। বিশেষ করে যার কথা ও কাজ সত্য। [ইবন কাসীর] এ থেকে অনুমান করা যেতে পারে যে, কারাগারে অবস্থান কালে এ ব্যক্তি ইউসুফ আলাইহিস সালামের পবিত্র জীবন ও চরিত্র দ্বারা কী বিপুলভাবে



প্রভাবিত হয়েছিল! দীর্ঘকাল অতিবাহিত হবার পরও এ প্রভাব কেমন অটুট ছিল! তাই লোকটি কারাগারে পৌছে ঘটনার বর্ণনা শুরু করে প্রথমে ইউসুফ আলাইহিস সালাম এর مديق অর্থাৎ কথা ও কাজে সাচ্চা হওয়ার কথা স্বীকার করেছে। অতঃপর দরখাস্ত করেছে যে, আমাকে একটি স্বপ্নের ব্যাখ্যা বলে দিন। তখন ইউসুফ আলাইহিস সালাম তাকে এ স্বপ্নের ব্যাখ্যা বলে দিলেন। কেন তার কথা বাদশাকে বলতে ভুলে গিয়েছিল সে ব্যাপারে কোন তিরস্কার না করেই। অনুরূপভাবে তাকে এখান থেকে বের করে নিতে হবে এমন কোন শর্ত না দিয়েই। [ইবন কাসীর]

- (২) স্বপ্ন এই যে, বাদশাহ সাতটি মোটাতাজা গাভী দেখেছেন। এগুলোকেই অন্য সাতটি শীর্ণ গাভী খেয়ে যাচ্ছে। তিনি আরো গমের সাতটি সবুজ শীষ ও সাতটি শুষ্ক শীষ দেখেছেন।
- (৩) অর্থাৎ আপনি ব্যাখ্যা বলে দিলে অচিরেই আমি ফিরে যাব এবং তাদের কাছে ব্যাখ্যা বর্ণনা করব। এতে সম্ভবতঃ তারা আপনার জ্ঞান-গরিমা সম্পর্কে অবগত হবে। অথবা এর অর্থ- যাতে জনগণ এ স্বপ্নের তা'বীর জানতে পারে। কেননা, তারা তা জানার জন্য উৎসুক হয়ে রয়েছে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৪৬) সে বলল, 'হে ইউসুফ! হে মহা সত্যবাদী! সাতিটি স্থূলকায় গাভী, ওগুলিকে সাতিটি শীর্ণকায় গাভী ভক্ষণ করছে এবং সাতিটি সবুজ শীষ ও অপর সাতিটি শুষ্ক শীষ সম্বন্ধে আপনি আমাদেরকে ব্যাখ্যা দিন, যাতে আমি লোকদের কাছে ফিরে যেতে পারি এবং যাতে তারা অবগত হতে পারে।'

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1642

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন